দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 SEP. [illegible]
পৃঃ ৪ কলাম ৭

# কামিলকে ডিগ্রী-র সমমান দেওয়া হউক

আমাদের দেশে সাধারণ শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষাও চালু রহিয়াছে। বিগত সময়ে দাখিলকে এস,এস,সি-এর সমমান এবং আলিমকে এইচ,এস,সি-এর সমমান দেওয়া হয়। কিন্তু একথা দুঃখজনক হইলেও সত্য যে, আজ পর্যন্ত ফাজিলকে বি,এ পাসের সমমান দেয়া তো দূরের কথা কামিলকেও বি,এ পাসের সমমান সকল ক্ষেত্রে দেওয়া হইতেছে না। অথচ বি,এ-এর সিলেবাস ও ফাজিলের সিলেবাসের মধ্যে তেমন কোন পার্থক্য নাই; বরং বি,এ অপেক্ষা, ফাজিলের সিলেবাস অধিকতর লম্বা হওয়ায় বি,এ অপেক্ষা ফাজিল পাস করা অনেক কঠিন। বর্তমান নিয়মে একজন ফাজিল পাস ছাত্রকে পুনরায় বি,এ পাস করিতে হয়। ইহাতে যে মূল্যবান সময় নষ্ট হয় তাহাই নয়, বরং উপরন্তু প্রচুর পরিমাণে অর্থেরও অপচয় হয়। আমার মত যাহারা দরিদ্র বাবা-মায়ের সন্তান কেবল অর্থাভাবের কারণেই তাহাদের পুনরায় বি,এ পাস করার স্বপ্ন স্বপ্নই থাকিয়া যায়। এখানে উল্লেখ্য যে, কোন কোন ক্ষেত্রে কামিলকে বি,এ পাসের সমমান দেওয়া হইলেও সকল ক্ষেত্রে তাহা দেওয়া হইতেছে না। যেমন– প্রাইমারী স্কুলে সহকারী শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে কামিলকে বি,এ পাসের সমমান দেওয়া হইয়াছে, অথচ কামিল পাস কোন ছাত্র/ ছাত্রীকে কোন বিশ্ববিদ্যালয় বা কলেজে মাষ্টার্সে ভর্তি হওয়ার সুযোগ দেওয়া হইতেছে না। এমতাবস্থায়, মাননীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট আমার আকুল আবেদন ,যদি ফাজিলকে বি,এ পাসের সমমান দেওয়া একান্তই সম্ভব না হয় তবে অন্ততঃ কামিলকে সরকারী এবং বেসরকারী সকল ক্ষেত্রে বি,এ পাসের সমমান দেওয়া হউক। কামিল পাস করা ছাত্র/ ছাত্রীদেরকে মাষ্টার্সে ভর্তি হওয়ার অনুমতি প্রদানের জন্যও আবেদন জানাইতেছি।

মোঃ শহিদুল হক,
গ্রাম ঃ বাঁশবুনিয়া,
ডাক ঃ লেবুবুনিয়া,
থানা ঃ কাঁঠালিয়া,
জেলা ঃ ঝালকাঠী।